



বাংলাদেশ গেজেট

আঁতীরিষ্ট সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রাবিবার, ফেব্রুয়ারী ২৫, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
শা-গ্রেডেই-৩

প্রজ্ঞাপন

চাকা, ১৩ই ফাল্গুন, ১৩৯৬/২৫শে ফেব্রুয়ারী, ১৯৯০

মৎ এস, আর, ও ৪১-আইন/১০/শা-১১/১আর-৩/৮৯/৫৭—Chittagong Municipal Corporation Ordinance, 1982 (XXXV of 1982) এর section 155 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

- ১। সংক্ষিপ্ত শিরলামা।— এই বিধিমালা চট্টগ্রাম মিউনিসিপ্যাল কর্পোরেশন মেয়র, ডেপুটি মেয়র এবং কমিশনার (পদত্যাগ ও অপসারণ) বিধিমালা, ১৯৯০ নামে আভিহিত হইবে।
- ২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—
(ক) “Ordinance” অর্থ Chittagong Municipal Corporation Ordinance, 1982 (XXXV of 1982);
(খ) “ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা” অর্থ সংক্ষিপ্ত বিভাগীয় কমিশনার।
- ৩। জেরার, ডেপুটি মেয়র এবং কমিশনারের পদত্যাগ।— (১) মেয়রের উদ্দেশ্যে কোন ডেপুটি মেয়র অথবা কমিশনার কর্তৃক লিখিত পদত্যাগ পত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে মেয়র পদত্যাগ পত্রের একটি অন্তিম পদত্যাগ সম্পর্কে একটি প্রতিবেদন সহকারে সরকারের নিকট প্রেরণ করিবেন।

(১৫৭০)

মুল্য : টাকা- ১' ৫০

(২) সরকারের ডিস্ট্রিক্ট মেয়র কর্তৃক নির্বাচিত পদত্যাগ পত্র অথবা উপ-বিধি (১) এর অধীনে কোন ডেপুটি মেয়র অথবা কমিশনারের পদত্যাগ সম্পর্কে প্রতিবেদন প্রাপ্তির পনের দিনের মধ্যে সরকার মেয়র, সংশ্লিষ্ট ডেপুটি মেয়র বা কমিশনারের পদত্যাগজনিত শূলগদ সরকারী গোজেটে প্রজ্ঞাপনের ঘোষণা করিবেন।

৪। ডেপুটি মেয়র ও কমিশনারের অপসারণের জন্য বিশেষ সভা।— (১) Ordinance এর section 10 এর sub-section (1) এ বর্ণিত যে কোন কারণে কোন ডেপুটি মেয়র অথবা কোন নির্বাচিত কমিশনারকে অপসারণের জন্য কমিশনারের মোট সংখ্যার অন্তর্বর্তীক কমিশনার কর্তৃক স্বাক্ষরিত একটি অধিযাচন পত্র বিবরিতি সহ সরকারের নিকট দাখিল করিতে হইবে এবং উহার একটি অন্তিমিপ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে অধিযাচন পত্র প্রাপ্তির ঘাট দিনের মধ্যে সরকার অধিযাচন পত্রটি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন এবং বিবরিতির উপর এই বিধিমালা অন্তর্বারী যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য তাঁহাকে নির্দেশ প্রদান করিবেন।

৫। কারণ দর্শনোর নোটিশ।— (১) সরকারের নিকট হইতে অধিযাচন পত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অধিযাচন পত্রের একটি অন্তিমিপ সংশ্লিষ্ট ডেপুটি মেয়র অথবা কমিশনারের নিকট প্রেরণ করিবেন এবং তাঁহাকে এই মর্মে নোটিশ প্রদান করিবেন যেন নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে তিনি নির্বাচিতভাবে কারণ দর্শন কৈল কেন এক বিশেষ সভার তাঁহাকে তাঁহার পদ হইতে অপসারণের প্রস্তাব গ্রহণ করা হইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীনে জারীকৃত কারণ দর্শনোর নোটিশের অন্তিমিপ প্রত্যেক কমিশনার ও ডেপুটি মেয়রকে প্রেরণ করিতে হইবে।

৬। বিশেষ সভার স্থান ও সময়।— (১) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কারণ দর্শনোর নির্ধারিত সময় অতিক্রম ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যে স্থান উপবৃক্ষ বিবেচনা করেন সে স্থানে অন্তিমিপ হইবে এবং তদন্তব্যারী বিশেষ সভার স্থান, তারিখ ও সময় উল্লেখ করিয়া ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত সভার নোটিশ জারী করিবেন।

(৩) বিশেষ সভার জন্য নির্ধারিত সময়ের অন্ততঃ বাহাতুর ঘণ্টা প্রবেশ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রত্যেক কমিশনার এবং ডেপুটি মেয়রের নিকট নোটিশের অন্তিমিপ প্রেরণ করিবেন।

(৪) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ সভায় সভাপতিত্ব করিবেন।

৭। স্থগিত বিশেষ সভা।— ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নির্বাচন বিহীনভূত কোন কারণে যদি নির্ধারিত তারিখ ও সময়ে বিশেষ সভা অন্তিমিপ হইতে না পারে তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা পরবর্তী তারিখ এবং সময় নির্ধারণ করিয়া বিশেষ সভা আহবান করিবেন:

তবে শত্রু থাকে যে, এইরূপ স্থগিত বিশেষ সভা প্রবর্বতী নির্ধারিত তারিখের পরবর্তী পন্থ দিনের মধ্যে অন্তিমিপ হইতে হইবে।

৮। প্রস্তাব গ্রহণ।— কোন ডেপুটি মেয়র বা নির্বাচিত কমিশনারকে তাঁহার পদ হইতে অপসারণের প্রস্তাব গ্রহণ কৃত হইবে না, যদি না সংশ্লিষ্ট ডেপুটি মেয়র বা নির্বাচিত কমিশনারের অপসারণের পক্ষে মোট নির্বাচিত কমিশনার সংখ্যার অন্তর্বর্তী দৃষ্টি-তৃতীয়বাংশ কমিশনার তোট প্রদান করেন।

৯। কারণ সংশ্লিষ্ট মেয়র বা নির্বাচিত কমিশনারের বাদি কোন লিখিত জবাব থাকে তাহা বিবেচনা করিতে হইবে অথবা যদি কোন লিখিত জবাব না থাকে, তাহা হইলে তাহাকে বাস্তিগত শুনানী প্রদানের সুযোগ দিতে হইবে এবং মৌখিক কোন জবাব বা বাধ্য থাকিলে তাহা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা লিপিবদ্ধ করিবেন।

(২) যদি সংশ্লিষ্ট ডেপুটি মেয়র কিংবা ক্ষেত্রমত নির্বাচিত কমিশনার বাস্তিগতভাবে শুনানী প্রদান করিতে অনিচ্ছুক হন অথবা কোন লিখিত জবাবও দাঁধল না করিয়া থাকেন অথবা বিশেষ সভায় হাজির না থাকেন, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সভার কার্য ব্যবাহীতি চালাইল্লা থাইবেন।

১০। ভোট দান পদ্ধতি।— (১) বিধি ৯ এর অধীনে কার্যক্রম সম্পন্ন করার পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এই বিধির সহিত সংযুক্ত ফরম অন্যায়ী ভোট পত্র প্রস্তুত করিয়া বিশেষ সভার জন্য নির্ধারিত তারিখ ও সময় উভ সভায় উপস্থিত প্রতোক নির্বাচিত কমিশনার এবং ডেপুটি মেয়রকে একটি করিয়া ভোট পত্র সরবরাহ করিবেন।

(২) ভোট পত্র সরবরাহ করার পূর্বে ভোট পত্রের অক্ষয়তা নির্ণিত করার জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রতোক ভোট পত্রের অপর পক্ষায় সৈলিঙ্গোহর ঘৃত স্বাক্ষর করিবেন।

(৩) অসাধারণতা বশতঃ যদি কোন ভোট পত্র দানের অন্ত্যক্ষেত্রে অন্য পক্ষে অন্য পোর্টেলে অন্য কাহারও দাঁধলে ভোট পত্রের নির্দিষ্ট স্থানে অপসারণ প্রস্তাবের পক্ষে তস (X) চিহ্ন বা বিপক্ষে টিক (✓) চিহ্ন স্বার্থে ভোটদান করিবেন এবং ভোটদান অন্তে ভোট পত্রটি ভাজ করিয়া ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নিকট জমা দিবেন।

(৪) ভোটদানকারী নির্বাচিত কমিশনার এবং ডেপুটি মেয়র সভাকক্ষের এক প্রান্তে রাঙ্গিত টেবিলে অন্য কাহারও দাঁধলে অন্তরালে ভোট পত্রের নির্দিষ্ট স্থানে অপসারণ প্রস্তাবের পক্ষে তস (X) চিহ্ন বা বিপক্ষে টিক (✓) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা ভিত্তি ভিত্তিবাবে গণনা করিয়া সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করিবেন এবং গণনার ফলাফল সংগে ঘোষণা করিবেন।

(৫) উপ-বিধি (৪) অন্যায়ী ভোটদানকারীর নিকট হইতে ভোটপত্র পাওয়ার সংগে সংগে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ভোটদানকারীগণের মধ্যে যাহারা ভোট পত্র তস (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা এবং যাহারা ভোট পত্রে টিক (✓) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা ভিত্তি ভিত্তিবাবে গণনা করিয়া সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করিবেন এবং গণনার ফলাফল সংগে সংগে ঘোষণা করিবেন।

(৬) একজন ডেপুটি মেয়র অথবা একজন নির্বাচিত কমিশনার অপসারণের পক্ষে ভোটদানকারীগণের মধ্যে যাহারা ভোট পত্র তস (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা যদি দ্রষ্টব্য ডেপুটি মেয়রসহ মৌট নির্বাচিত কমিশনারের সংখ্যার দ্বাই-ততীয়াংশের কম না হয় তাহা তটলে সংশ্লিষ্ট ডেপুটি মেয়র কিংবা নির্বাচিত কমিশনারকে তাহার পদ হইতে অপসারণের প্রস্তাবটি গৃহীত হইয়াছে বলিয়া গণ হইবে।

১১। দ্বাই-ততীয়াংশ সংখ্যা গৌরবন্ধন লিপিবদ্ধ।— দ্বাই-ততীয়াংশ সংখ্যা গৌরবন্ধন নিয়মের ক্ষেত্রে দ্বাই-ততীয়াংশ এক-ততীয়াংশ (১) পরিমাণে করিবাক্ষেত্রে দ্বাই-ততীয়াংশ দ্বাই-ততীয়াংশকে গ্রহণ কর্তৃত পূর্ণ সংখ্যা ধৰিয়া প্রযুক্তি সংখ্যা গণনা করিতে হইবে।

১২। গৃহীত প্রস্তাব সরকারের নিকট প্রেরণ।— প্রস্তাব গৃহীত হইতে তিনি দিনের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ সভার কার্য বিবরণী, সংশ্লিষ্ট ডেপুটি মেয়রের কিংবা নির্বাচিত কমিশনারের লিখিত ব্যাখ্যা বা লিপিবদ্ধ মৌখিক ব্যাখ্যা, যদি থাকে, এবং ভোটপত্র গৃহীত প্রস্তাবের অন্তর্লিপিসহ, একটি খামে সীলনোহরব্যক্ত করিবা সরকারের নিকট অন্তর্মোদনের জন্য প্রেরণ করিবেন।

১৩। সরকারের অন্তর্মোদন।— (১) বিধি ১২ এর অধীনে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে বিশেষ সভার প্রস্তাবসহ অন্যান্য কাগজপত্র প্রাপ্তির ঠিকানা দিবসের মধ্যে সরকার উহা পরীক্ষা নিরীক্ষা করিবে এবং প্রস্তাব গ্রহণের পর্যাত্ততাকাত বিশুদ্ধতা বা অশুদ্ধতা সম্পর্কে নির্ণিত হইয়া প্রস্তাবটি অন্তর্মোদন বা অন্তর্মোদন করিবে।

(২) সংশ্লিষ্ট ডেপুটি মেয়র বা নির্বাচিত কমিশনার অপসারণের অন্তর্মোদিত প্রস্তাব সরকার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্পোরেশনের নিকট প্রেরণ করিবে; এবং প্রস্তাব অন্তর্মোদনের তারিখ হইতে পনের দিনের মধ্যে সরকার সংশ্লিষ্ট ডেপুটি মেয়র বা নির্বাচিত কমিশনারের পদ খুন্য বাঁচিল্লা সরকারী গেজেটে ঘোষণা প্রকাশ করিবে।

(৩) প্রস্তাব অন্তর্মোদনের ক্ষেত্রে সরকার যে কারণে প্রস্তাবটি অন্তর্মোদন করেন নাই তাহা লিপিবদ্ধ করিতে হইবে এবং তৎসম্পর্কে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে ও কর্পোরেশনকে ব্যুগপৎ অবহিত করিতে হইবে।

১৪। মৃত্যুর কারণে সংবটিত শূন্য পদ।— ডেপুটি মেয়রের অথবা সরকারী কর্মকর্তা কমিশনার ব্যাতীত কোন নির্বাচিত বা মনোনীত কমিশনারের মৃত্যুর কারণে পদ শূন্য হওয়ার ক্ষেত্রে এইরূপ মৃত্যুর সংবাদ কর্পোরেশনের নিকট হইতে প্রাপ্তির পনের দিনের মধ্যে সরকার, সরকারী গেজেটের মাধ্যমে সংশ্লিষ্ট নির্বাচিত বা মনোনীত কমিশনারের শূন্য পদ ঘোষণা করিবে।

১৫। নির্বাচন কর্মসূলকে শূন্য পদ ঘোষণা সম্পর্কে অবহিতকরণ।— পদত্যাগ, অপসারণ অথবা মৃত্যুজনিত কারণে কোন নির্বাচিত কমিশনারের শূন্য পদ সরকারী গেজেটে প্রকাশনার পর সরকার উক্ত গেজেটের একটি অন্তর্লিপি নির্বাচন কর্মসূলের নিকট প্রেরণ করিবে।

১৬। দলিলাদি সংরক্ষণ।— প্রতিটি পদত্যাগ, অপসারণ এবং তজ্জনিত শূন্য পদ সংক্রান্ত দলিলাদি সরকার কর্পোরেশনের চৰ্জিত কার্যকালের মেরাম শেষ না হওয়া পর্যন্ত সংরক্ষণ করিবে।

কর্ম

[বিধি ১০(১) সৃষ্টিব্য]

.....মিউনিসিপ্যাল কর্পোরেশনের জন্মাব.....
ডেপুটি মেরর/নির্বাচিত কর্মশনারকে তাঁহার পদ হইতে অপসারণের জন্য প্রস্তাব প্রাপ্তগের

ভোটপত্র

ভোট চিহ্ন দানের স্থান

প্রস্তাবের পক্ষে ছান্স (X)

প্রস্তাবের বিপক্ষে টিক (✓) চিহ্ন

নির্বাচিত কর্মশনার/ডেপুটি
মেরারের স্বাক্ষর

রাষ্ট্রপাতির আদেশক্রমে
গোহান্বদ আৰু হেনা
সচিব।

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই ফাল্গুন, ১৩৯৬/২৫শে ফেব্রুয়ারী, ১৯৯০

নং এস. আর. ও ৮২-আইন/৯০/শা-১১/১আর-৩/৮৯/৫৪—Dhaka Municipal Corporation Ordinance, 1983 (XL of 1983) এর section 157 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনাম।— এই বিধিমালা ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশন মেয়র, ডেপুটি মেয়র এবং কর্মশনার (পদতাগ ও অপসারণ) বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালাটা,—

(ক) “Ordinance” অর্থ Dhaka Municipal Corporation Ordinance, 1983 (XL of 1983);

(খ) “ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা” অর্থ সংক্ষিপ্ত বিভাগীয় কর্মশনার।

৩। মেয়র, ডেপুটি মেয়র এবং কর্মশনারের পদত্যাগ।— (১) মেয়রের উদ্দেশ্যে কোন ডেপুটি মেয়র অথবা কর্মশনার কর্তৃক লিখিত পদত্যাগ পত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে মেয়র পদত্যাগ পত্রের একটি অন্তর্লিপি পদত্যাগ সম্পর্কে একটি প্রতিবেদন সহকারে সরকারের নিকট প্রেরণ করিবেন।

(২) সরকারের উদ্দেশ্যে মেয়র কর্তৃক লিখিত পদত্যাগ পত্র অথবা উপ-বিধি (১) এর অধীনে কোন ডেপুটি মেয়র অথবা কর্মশনারের পদত্যাগ সম্পর্কে প্রতিবেদন পত্রের দিনের মধ্যে সরকার মেয়র, সংক্ষিপ্ত ডেপুটি মেয়র বা কর্মশনারের পদত্যাগজ্ঞিত শ্বাসান্ত সরকারী গেজেটে প্রজ্ঞাপনের ঘোষণা করিবেন।

৪। ডেপুটি মেয়র ও কর্মশনারের অপসারণের জন্য বিশেষ সত্তা।— (১) Ordinance এর section 10-এর sub-section (1) এ বর্ণিত যে কোন কারণে কোন ডেপুটি মেয়র অথবা কোন নির্বাচিত কর্মশনারকে অপসারণের জন্য কর্মশনারের মোট সংখ্যার অন্তর্বর্তীক অর্ধেক কর্মশনার কর্তৃক স্বাক্ষরিত একটি অধিযাচন পত্র বিবরিতিসহ সরকারের নিকট দাখিল করিতে হইবে এবং উহার একটি অন্তর্লিপি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে অধিযাচন পত্র প্রাপ্তির ষাট দিনের মধ্যে সরকার অধিযাচন পত্রটি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন এবং বিষয়টির উপর এই বিধিমালা অন্বয়ীয় যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য তাঁহাকে নির্দেশ প্রদান করিবেন।

৫। কারণ দর্শনোর নোটিশ।— (১) সরকারের নিকট হইতে অধিযাচন পত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অধিযাচন পত্রের একটি অন্তর্লিপি সংক্ষিপ্ত ডেপুটি মেয়র অথবা কর্মশনারের নিকট প্রেরণ করিবেন এবং তাঁহাকে এই মর্মে নোটিশ প্রদান করিবেন যেন নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে তিনি লিখিতভাবে কারণ দর্শন করেন এক বিশেষ সভার তাঁহাকে তাঁহার পদ হইতে অপসারণের প্রস্তাব গ্রহণ করা হইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন জারীকৃত কারণ দর্শনোর নোটিশের অন্তর্লিপি প্রতেক কর্মশনার ও ডেপুটি মেয়রকে প্রেরণ করিতে হইবে।

৬। বিশেষ সভার স্থান ও সময়।— (১) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কারণ দর্শনোর নির্ধারিত সময় অতিক্রম হওয়ার পন্থে দিনের মধ্যে বিধি ৫(১) এ উল্লিখিত বিশেষ সভা আহবন করিবেন।

(২) বিশেষ সভা কর্পোরেশনের অফিসে অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বে স্থান উপস্থিত বিচেনা করেন সে স্থানে অনুষ্ঠিত হইবে এবং তদন্ত্যায়ী বিশেষ সভার স্থান, তারিখ ও সময় উল্লেখ করিয়া ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত সভার নোটিশ জারী করিবেন।

(৩) (৩) বিশেষ সভার জন্য নির্ধারিত সময়ের অন্ততঃ বাহান্তর ঘন্টা প্রবেশ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রত্যেক কর্মশনার এবং ডেপুটি মেয়রের নিকট নোটিশের অনুলিপি প্রেরণ করিবেন।

(৪) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ সভায় সভাপতিত্ব করিবেন।

৭। সহিত বিশেষ সভা।— ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নিয়ন্ত্রণ বহিভৰ্ত্ত কোন কারণে যদি নির্ধারিত তারিখ ও সময় বিশেষ সভা অনুষ্ঠিত হইতে না পারে তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রবর্তনী তারিখ এবং সময় নির্ধারণ করিয়া বিশেষ সভা আহবন করিবেন:

তবে শর্ত থাকে যে, এইরূপ সহিত বিশেষ সভা প্রবর্তনী নির্ধারিত তারিখের প্রবর্তনী পন্থে দিনের মধ্যে অনুষ্ঠিত হইতে হইবে।

৮। প্রস্তাব গ্রহণ।— কোন ডেপুটি মেয়র বা নির্বাচিত কর্মশনারকে তাহার পদ হইতে অপসারণের প্রস্তাব গ্রহণ করিবে না, যদি না,—

(ক) কোন ডেপুটি মেয়রের অপসারণের পক্ষে মোট নির্বাচিত কর্মশনার সংখ্যার অন্তর্মন তিন-চতুর্থাংশ কর্মশনার ; এবং

(খ) কোন নির্বাচিত কর্মশনারের অপসারণের পক্ষে মোট নির্বাচিত কর্মশনার সংখ্যার অন্তর্মন দ্বয়ি-তৃতীয়াংশ কর্মশনার, ভোট প্রদান করেন।

৯। কারণ দর্শনোর জবাব বিবেচনা।— (১) অপসারণের প্রস্তাব গ্রহণ করার প্রবেশ সংশ্লিষ্ট ডেপুটি মেয়র বা নির্বাচিত কর্মশনারের যদি কোন লিখিত জবাব থাকে তাহা বিবেচনা করিতে হইবে অথবা যদি কোন লিখিত জবাব না থাকে, তাহা হইলে তাহাকে বাস্তিগত শুনানী প্রদানের স্বীকৃত দিতে হইবে এবং মৌখিক কোন জবাব বা ব্যাখ্যা থাকিলে তাহা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা লিপিবদ্ধ করিবেন।

(২) যদি সংশ্লিষ্ট ডেপুটি মেয়র কিংবা নির্বাচিত কর্মশনার বাস্তিগতভাবে শুনানী প্রদান করিতে অনিছুক হন অথবা কোন লিখিত জবাবও দাখিল না করিয়া থাকেন অথবা বিশেষ সভায় হাজির না থাকেন, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সভার কার্য যথারীতি চালাইয়া থাইবেন।

১০। ভোট দান পদ্ধতি।— (১) বিধি ৯ এর অধীনে কার্যক্রম সম্পন্ন করার পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এই বিধির সঙ্গত কর্ম অনুযায়ী ভোট পত্র প্রস্তুত করিয়া বিশেষ সভার জন্য নির্ধারিত তারিখ ও সময় উক্ত সভায় উপনিষত্য প্রত্যেক নির্বাচিত কর্মশনার এবং ডেপুটি মেয়রকে একটি করিয়া ভোট পত্র সরবরাহ করিবেন।

(২) ভোট পত্র সরবরাহ করার প্রবেশ ভোট পত্রের অক্ষুণ্ণতা নিশ্চিত করার জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রত্যেক ভোট পত্রের অপর প্রত্যায় সীলনোহর ব্যক্ত স্বাক্ষর করিবেন।

(৩) অসাধারণত বশতঃ বাদি কোন ভোট পত্র দানের অনুপযুক্ত হয়, তাহা হইলে কমতাপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট নির্বাচিত কর্মশনার বা ডেপুটি মেয়রের অনুরোধভূমি অনুপযুক্ত ভোটপত্র ফেরত দিয়া অন্য একটি সঠিক ভোট পত্র সরবরাহ করিবেন।

(৪) ভোটদানকারী নির্বাচিত কর্মশনার এবং ডেপুটি মেয়র সভাকক্ষের এক প্রাচৰে রাঙ্কিত টেবিলে অন্য কাহারও দ্রষ্টব্য অন্তরালে ভোট পত্রের নির্দিষ্ট স্থানে অপসারণ প্রস্তাবের পক্ষে ক্রস (X) চিহ্ন বা অপসারণ প্রস্তাবের বিপক্ষে টিক (✓) চিহ্ন দ্বারা ভোটদান করিবেন এবং ভোটদান অন্তে ভোট পত্রটি ভাজ করিয়া কমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিবেন।

(৫) উপ-বিধি (৪) অনুযায়ী ভোটদানকারীর নিকট হইতে ভোটপত্র পাওয়ার সংগে সংগে কমতাপ্রাপ্ত কর্মকর্তা ভোটদানকারীগণের মধ্যে যাহারা ভোট পত্রে ক্রস (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা এবং যাহারা ভোট পত্রে টিক (✓) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা ডিম ভিত্তিতে গণনা করিয়া সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করিবেন এবং গণনার ফলাফল সংগে ঘোষণা করিবেন।

(৬) একজন ডেপুটি মেয়র অপসারণের জন্য ভোটদানকারীগণের মধ্যে যাহারা প্রস্তাবের পক্ষে ভোট পত্রে ক্রস (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা বাদি তিনজন ডেপুটি মেয়রসহ মোট নির্বাচিত কর্মশনার অপসারণের ক্ষেত্রে ভোটদানকারীগণের মধ্যে যাহারা প্রস্তাবের পক্ষে ভোট পত্রে ক্রস (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা বাদি তিনজন ডেপুটি মেয়রসহ মোট নির্বাচিত কর্মশনারের সংখ্যার দ্বাই-তৃতীয়াংশের কম না হয় তাহা হইলে সংশ্লিষ্ট ডেপুটি মেয়র কিংবা নির্বাচিত কর্মশনারকে তাহার পদ হইতে অপসারণের প্রস্তাবটি গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১১। তিন-চতুর্থাংশ এবং দ্বাই-তৃতীয়াংশ সংখ্যা গরিষ্ঠতা নির্মপণ।— (১) তিন-চতুর্থাংশ সংখ্যা গরিষ্ঠতা নির্মপণের ক্ষেত্রে ভগ্নাংশ এক-চতুর্থাংশ (½) এবং দ্বাই-চতুর্থাংশ (¼) পরিহার করিতে হইবে, কিন্তু ভগ্নাংশ তিন-চতুর্থাংশকে একটি পূর্ণ সংখ্যা ধরিয়া পরিবর্তনী সংখ্যা গণনা করিতে হইবে।

(২) দ্বাই-তৃতীয়াংশ সংখ্যা-গরিষ্ঠতা নির্মপণের ক্ষেত্রে ভগ্নাংশ এক তৃতীয়াংশ (⅓) পরিহার করিতে হইবে, কিন্তু ভগ্নাংশ দ্বাই-তৃতীয়াংশকে একটি পূর্ণ সংখ্যা ধরিয়া পরিবর্তনী সংখ্যা গণনা করিতে হইবে।

১২। গৃহীত প্রস্তাব সরকারের নিকট প্রেরণ।— প্রস্তাব গৃহীত হইবার তারিখ হইতে তিনি দিনের মধ্যে কমতাপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ সভার কার্য বিবরণী, সংশ্লিষ্ট ডেপুটি মেয়র কিংবা নির্বাচিত কর্মশনারের লিখিত ব্যাখ্যা বা লিপিবদ্ধ মৌখিক ব্যাখ্যা, বাদি থাকে, এবং ভোটপত্র নির্বাচিত কর্মকর্তার অনুলিপিসহ, একটি খামে সৈন্যবোহরণ্য করিয়া সরকারের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবেন।

১৩। সরকারের অনুমোদন।— (১) বিধি ১২ এর অধীনে কমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে বিশেষ সভার প্রস্তাবসহ অন্যান্য কাগজপত্র প্রাপ্তির ট্রিশিটি কার্য দিবসের মধ্যে সরকার উহা পরীক্ষা নিরীক্ষা করিবে এবং প্রস্তাব গৃহণের পর্যায়গত বিশুদ্ধতা বা অশুদ্ধতা সম্বন্ধে নিশ্চিত হইয়া প্রস্তাবটি অনুমোদন বা অননুমোদন করিবে।

(২) সংশ্লিষ্ট ডেপুটি মেয়র বা নির্বাচিত কর্মশনার অপসারণের অনুমোদিত প্রস্তাব সরকার কমতাপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্পোরেশনের নিকট প্রেরণ করিবে; এবং প্রস্তাব অনুমোদনের তারিখ হইতে পনের দিনের মধ্যে সরকার সংশ্লিষ্ট ডেপুটি মেয়র বা নির্বাচিত কর্মশনারের প্রথম শুল্য বলিয়া সরকারী দেলিতে ঘোষণা প্রকাশ করিবে।

(০) প্রস্তাব অনন্মোদনের ক্ষেত্রে সরকার যে কারণে প্রস্তাবটি অন্মোদন করেন নাই তাহা লিপিগ্রন্থ করিতে হইবে এবং তৎসম্পর্কে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে কর্পোরেশনকে খুগপথ অবহিত করিতে হইবে।

১৪। মৃত্যুর কারণে সংঘটিত শূন্য পদ।— ডেপুটি মেয়র অথবা সরকারী কর্মকর্তা কর্মশনার স্বতীত কোন নির্বাচিত বা মনোনীত কর্মশনারের মৃত্যুর কারণে পদ শূন্য হওয়ার ক্ষেত্রে এইরূপ মৃত্যুর সংবাদ কর্পোরেশনের নিকট হইতে প্রাপ্তির পনের দিনের মধ্যে সরকার, সরকারী গোজেটের আধিক্যে সংশ্লিষ্ট নির্বাচিত বা মনোনীত কর্মশনারের শূন্য পদ ঘোষণা করিবে।

১৫। নির্বাচন কর্মশনকে শূন্য পদ ঘোষণা সম্পর্কে অবহিতকরণ।— পদত্যাগ, অপসারণ অথবা মৃত্যুজনিত কারণে কোন নির্বাচিত কর্মশনারের শূন্য পদ সরকারী গোজেটে প্রকাশনার পর সরকার উক্ত গোজেটের একটি অন্তর্লিপি নির্বাচন কর্মশনের নিকট প্রেরণ করিবে।

১৬। হালিলাদি সংরক্ষণ।— প্রতিটি পদত্যাগ, অপসারণ এবং তজ্জনিত শূন্য পদ সংজ্ঞান দালিলাদি সরকার কর্পোরেশনের চলাতি কার্যকালের মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত সংরক্ষণ করিবে।

ফরম

[বিষি ১০(১) প্রক্টর]

.....মিউনিসিপ্যাল কর্পোরেশনের জন্মাব.....
ডেপুটি মেয়র/নির্বাচিত কর্মশনারকে তাহার পদ হইতে অপসারণের জন্য প্রস্তাব প্রদণের

ভোটপত্র

ভোট চিহ্ন দানের স্থান

প্রস্তাবের পক্ষে ক্রস (X) চিহ্ন

প্রস্তাবের বিপক্ষে টিক (✓) চিহ্ন

নির্বাচিত কর্মশনার/ডেপুটি
মেয়রের স্বাক্ষর।

রাষ্ট্রপতির আদেশক্রমে
সোহাম্মদ আবু হেনা
সচিব।

প্রজ্ঞাপন

ঢাকা, ১০ই ফাল্গুন, ১৩৯৬/২৫শে ফেব্রুয়ারী, ১৯৯৩

নং এগ, আর, ও ৮০-আইন/৯০/শা-১১/১আর-৩/৮৯/৯—Khulna Municipal Corporation Ordinance, 1984 (LXXII of 1984) এর section 154 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নি নব্ল বিধিমালা প্রমূলন করিবেন, যথা:—

১। যুক্তিস্থ শিল্পনামা।— এই বিধিমালা খুলনা মিউনিসিপ্যাল কর্পোরেশন মেমর, ডেপুটি রিপ্রেসর এবং কমিশনার (পদত্যাগ ও অপসারণ) বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। মৎস্য।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকলে, এই বিধিমালার,—

(ক) "Ordinance" অর্থ Khulna Municipal Corporation Ordinance, 1984 (LXXII of 1984);

(খ) "ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা" অর্থ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার।

৩। মেমর, ডেপুটি মেমর এবং কমিশনারের পদত্যাগ।— (১) মেমরের উদ্দেশ্যে কোন ডেপুটি রিপ্রেসর অথবা কমিশনার কর্তৃক লিখিত পদত্যাগ পত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে মেমর পদত্যাগ গ্রহণ একটি অনুলিপি পদত্যাগ সম্পর্কে একটি প্রতিবেদন সহকারে সরকারের নিকট প্রেরণ করিবেন।

(২) সরকারের উদ্দেশ্যে মেমর কর্তৃক লিখিত পদত্যাগ পত্র অথবা উপ-বিধি (১) এর অধীনে কোন ডেপুটি মেমর অথবা কমিশনারের পদত্যাগ সম্পর্কে প্রতিবেদন প্রাপ্তির পনের দিনের মধ্যে সরকার মেমর, সংশ্লিষ্ট ডেপুটি মেমর বা কমিশনারের পদত্যাগজনিত শূলনাপন সরকারী সেজেটে প্রজ্ঞাপনের ঘোষণা করিবেন।

৪। ডেপুটি মেমর ও কমিশনারের অপসারণের জন্য বিশেষ সভা।— (১) Ordinance এর section 10 এর sub-section (1) এ বর্ণিত যে কোন কারণে কোন ডেপুটি মেমর অথবা কোন নির্বাচিত কর্মশনারকে অপসারণের জন্য কমিশনারের মোট সংখ্যার অন্তর্জন অর্ধেক সংখ্যক কর্মশনার কর্তৃক স্বাক্ষরিত একটি অধিবাচন পত্র বিবরিতিসহ সরকারের নিকট দাখিল করিতে হইবে এবং উহার একটি অনুলিপি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে অধিবাচন পত্র প্রাপ্তির ঘাট দিনের মধ্যে সরকার অধিবাচন পত্রটি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন এবং বিষয়টির উপর এই বিধিমালা অন্তর্যামী অধিক কার্যক্রম গ্রহণের জন্য তাঁহাকে নির্দেশ প্রদান করিবেন।

৫। জরুর দর্শনোর নোটিশ।— (১) সরকারের নিকট হইতে অধিবাচন পত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অধিবাচন পত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট ডেপুটি মেমর অথবা কর্মশনারের নিকট প্রেরণ করিবেন এবং তাঁহাকে এই মর্মে নোটিশ প্রদান করিবেন যেন নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে তিনি লিখিতভাবে কারণ দর্শন কেন এক বিশেষ সভায় তাঁহাকে তাঁহার নাম হইতে অপসারণের প্রস্তাব গ্রহণ করা হইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন জরুরীকৃত কারণ দর্শনোর নোটিশের অনুলিপি প্রত্যেক কর্মশনার ও ডেপুটি মেমরকে প্রেরণ করিতে হইবে।

৬। বিশেষ সভার স্থান ও সময়।— (১) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কারণ দর্শনালয় নির্ধারিত সময় অন্তর্ভুক্ত হওয়ার পর দিনের মধ্যে বিধি ৫(১) এ উল্লিখিত বিশেষ সভা আহবান করিবেন।

(২) বিশেষ সভা কর্পোরেশনের অফিসে অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যে স্থান উপস্থিত বিচেচনা করেন সে স্থানে অন্তর্ভুক্ত হইবে এবং তদন্ত্যায়ী বিশেষ সভার স্থান তারিখ ও সময় উল্লেখ করিয়া ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত সভার নোটিশ জারী করিবেন।

(৩) বিশেষ সভার জন্য নির্ধারিত সময়ের অক্টততঃ বাহাতর ঘণ্টা প্র্যার্টি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রতোক কর্মশনার এবং ডেপুটি মেয়ারের নিকট নোটিশের অন্তর্লিপি প্রেরণ করিবেন।

(৪) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ সভাপ্রতিষ্ঠ করিবেন।

৭। সহিত বিশেষ সভা।— ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নিয়ন্ত্রণ ব্যবস্থার ক্ষেত্রে যদি নির্ধারিত তারিখ ও সময়ে বিশেষ সভা অন্তর্ভুক্ত হইতে না পারে তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রবর্তনী তারিখ এবং সময় নির্ধারণ করিয়া বিশেষ সভা আহবান করিবেন:

তবে শর্ত থাকে যে, এইরূপ সহিত বিশেষ সভা প্র্বৰ্বত্তী নির্ধারিত তারিখের প্রবর্তনী পন্থ দিনের মধ্যে অন্তর্ভুক্ত হইতে হইবে।

৮। প্রস্তাব গ্রহণ।— কোন ডেপুটি মেয়ার বা নির্বাচিত কর্মশনারকে তাহান পদ হইতে অপসারণের প্রস্তাব গ্রহণ করিবে না, যদি না,—

(ক) কোন ডেপুটি মেয়ারের অপসারণের পক্ষে মোট নির্বাচিত কর্মশনার সংখ্যায় অন্তর্ভুক্ত তিন-চতুর্থাংশ কর্মশনার; এবং

(খ) কোন নির্বাচিত কর্মশনারের অপসারণের পক্ষে মোট নির্বাচিত কর্মশনার সংখ্যায় অন্তর্ভুক্ত দুই-তৃতীয়াংশ কর্মশনার, তোট প্রদান করেন।

৯। কারণ দর্শনালয়ের জবাব বিচেচনা।— (১) অপসারণের প্রস্তাব গ্রহণ করার প্রয়োগে সংশ্লিষ্ট ডেপুটি মেয়ার বা নির্বাচিত কর্মশনারের যদি কোন লিখিত জবাব থাকে তাহা বিচেচনা করিতে হইবে অথবা যদি কোন লিখিত জবাব না থাকে, তাহা হইলে তাহাকে ব্যক্তিগত শুন্যালী প্রদানের স্বাক্ষর দিতে হইবে এবং মৌখিক কোন জবাব বা বাক্য ধার্কিলে তাহা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা লিপিবদ্ধ করিবেন।

(২) যদি সংশ্লিষ্ট ডেপুটি মেয়ার কিংবা ক্ষেত্রমত নির্বাচিত কর্মশনার বাস্তুগতভাবে শুন্যালী প্রদান করিতে অনিচ্ছুক হন অথবা কোন লিখিত জবাবও দার্যাল না করিয়া থাকেন অথবা বিশেষ সভার হাজির না থাকেন, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সভার কার্য ব্যবস্থাপূর্বক চালাইয়া দিবেন।

১০। ভোট দান পদ্ধতি।— (১) বিধি ৯ এর অধীনে কার্যক্রম সম্পর্ক করার পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এই বিধির সংস্কৃত ফরম অন্তর্যায়ী ভোট পত্র প্রস্তুত করিয়া বিশেষ সভার জন্য নির্ধারিত তারিখ ও সময় উক্ত সভায় উপস্থিত প্রতোক নির্বাচিত কর্মশনার এবং ক্ষেত্র ডেপুটি মেয়ারকে একটি করিয়া ভোট পত্র সরবরাহ করিবেন।

(২) ভোট পত্র সরবরাহ করার প্র্বে ভোট পত্রের অক্ষয়তা নিশ্চিত করার জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রতোক ভোট পত্রের অপর প্রস্তুত সৈলিঙ্গে যুক্ত স্বাক্ষর করিবেন।

(৩) অসাধারণতা বশজ্ঞ বিদি কোন ভোট পত্র দানের অনুপযুক্ত হয়, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট নির্বাচিত কমিশনার বা ডেপুটি মেরারের অনুরোধক্রমে অনুপযুক্ত ভোটগুলি ফেরত লইয়া অন্য একটি সঠিক ভোট পত্র সরবরাহ করিবেন।

(৪) ভোটদানকারী নির্বাচিত কমিশনার এবং ডেপুটি মেরার সভাকক্ষের এক প্রাণ্তে রাখিত ঢেরিলে অন্য কাহারও দণ্ডিত অন্তরালে ভোট পত্রের নির্দিষ্ট স্থানে অপসারণ প্রস্তাবের পক্ষে তস (X) চিহ্ন বা অপসারণ প্রস্তাবের বিপক্ষে টিক (V) চিহ্ন ম্বারা ভোটদান করিবেন এবং ভোটদান অন্তে ভোট পত্রটি ভাজ করিয়া ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিবেন।

(৫) উপ-বিধি (৪) অনুযায়ী ভোটদানকারীর নিকট হইতে ভোটগুলি পাওয়ার সংগে সংগে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ভোটদানকারীগণের মধ্যে বাহার ভোট পত্রে তস (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা এবং বাহার ভোট পত্রে টিক (V) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা ডিম্ব ভিন্নভাবে গণনা করিয়া সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করিবেন এবং গণনার ফলাফল সংগে সংগে ঘোষণা করিবেন।

(৬) অক্ষত ডেপুটি মেরার অপসারণের জন্য ভোটদানকারীগণের মধ্যে সাহারা প্রস্তাবের পক্ষে ভোট পত্রে তস (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা বিদি দ্বাইন ডেপুটি মেরার সহ মোট নির্বাচিত কমিশনারের সংখ্যার তিন-চতৃর্থাংশের কম না হয় আবা একজন নির্বাচিত কমিশনার অপসারণের ক্ষেত্রে ভোটদানকারীগণের মধ্যে বাহার প্রস্তাবের পক্ষে ভোট পত্রে তস (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা বিদি দ্বাইন ডেপুটি মেরার সহ মোট নির্বাচিত কমিশনারের সংখ্যার দ্বাই-ততীয়াংশ এর কম না হয় তাহা হইলে সংশ্লিষ্ট ডেপুটি মেরার কিংবা নির্বাচিত কমিশনারকে তাহার পদ হইতে অপসারণের প্রস্তাবটি গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১১। তিন-চতৃর্থাংশ এবং দ্বাই-ততীয়াংশ সংখ্যা গরিষ্ঠতা নির্ণয়।— (১) তিন-চতৃর্থাংশ সংখ্যা গরিষ্ঠতা নির্ণয়ের ক্ষেত্রে ডগনাংশ এক-চতৃর্থাংশ (১/৪) এবং দ্বাই-চতৃর্থাংশ (১/৪) পরিহার করিতে হইলে কিন্তু ডগনাংশ তিন-চতৃর্থাংশকে একটি প্র্যাং সংখ্যা ধরিয়া পরিবর্তী সংখ্যা গণনা করিতে হইবে।

(২) দ্বাই-ততীয়াংশ সংখ্যা গরিষ্ঠতা নির্ণয়ের ক্ষেত্রে ডগনাংশ এক-ততীয়াংশ (১/৪) পরিহার করিতে হইলে কিন্তু ডগনাংশ দ্বাই-ততীয়াংশকে একটি প্র্যাং সংখ্যা ধরিয়া পরিবর্তী সংখ্যা গণনা করিতে হইবে।

১২। গৃহীত প্রস্তাব সরকারের নিকট প্রেরণ।— প্রস্তাব গৃহীত হইবার তারিখ হইতে তিন দিনের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ সভার কার্য বিবরণী, সংশ্লিষ্ট ডেপুটি মেরার কিংবা নির্বাচিত কমিশনারের লিপিত বাক্য বা লিপিবদ্ধ মৌলিক বাক্য, বিদি থাকে, এবং ভোটগুলি গৃহীত প্রস্তাবের অনুলিপিসহ, একটি থারে সীমান্মোহরবর্ত্তে করিয়া সরকারের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবেন।

১৩। সরকারের অনুমোদন।— (১) বিধি ১২ এর অধীনে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে বিশেষ সভার প্রস্তাবসহ অন্যান্য কাগজগত প্রাপ্তির তিশেষ কার্য দিবাসের মধ্যে সরকার উহা পরীক্ষা নিরীক্ষা করিবে এবং প্রস্তাব প্রস্তাবের প্রধানতিগত বিশ্বাস্তা বা অশুভতা সম্পর্কে উহা নিশ্চিত হইয়া প্রস্তাবটি অনুমোদন বা অনুমোদন করিবে।

(২) সংশ্লিষ্ট ডেপুটি মেরার বা নির্বাচিত কমিশনার অপসারণের অনুমোদিত প্রস্তাব সরকার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্পোরেশনের নিকট প্রেরণ করিবে; এবং প্রস্তাব অনুমোদনের তারিখ হইতে পনের দিনের মধ্যে সরকার সংশ্লিষ্ট ডেপুটি মেরার বা নির্বাচিত কমিশনারের পদ শূন্য বলিয়া সরকারী সোজেট ঘোষণা প্রকাশ করিবে।

(৩) প্রস্তাব অনন্মোদনের ক্ষেত্রে সরকার যে কারণে প্রস্তাবটি অন্মোদন করেন নাই তাহা লিপিবদ্ধ করিতে হইবে এবং তৎসম্পর্কে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে ও কর্পোরেশনকে ব্যৱহাৰ অবহিত করিতে হইবে।

১৪। মৃত্যুর কারণে সংৰক্ষিত শূল্য পদ।— ডেপুটি মেয়ের অথবা সরকারী কর্মকর্তা কমিশনার ব্যতীত কোন নির্বাচিত বা মনোনীত কমিশনারের মৃত্যুর কারণে পদ শূল্য হওয়ার ক্ষেত্রে এইরূপ মৃত্যুর সংবাদ কর্পোরেশনের নিকট হইতে প্রাপ্তির পনের দিনের মধ্যে সরকার, সরকারী গেজেটের মাধ্যমে সংশ্লিষ্ট নির্বাচিত বা মনোনীত কমিশনারের শূল্য পদ ঘোষণা করিবে।

১৫। নির্বাচন কমিশনকে শূল্য পদ ঘোষণা সম্পর্কে অবহিতকরণ।— পদত্যাগ, অপসারণ অথবা মৃত্যুজনিত কারণে কোন নির্বাচিত কমিশনারের শূল্য পদ সরকারী গেজেটে প্রকাশনার পর সরকার উক্ত গেজেটের একটি অন্তিম নির্বাচন কমিশনের নিকট প্রেরণ করিবে।

১৬। দলিলাদি সংরক্ষণ।— প্রতিটি পদত্যাগ, অপসারণ এবং তজ্জনিত শূল্য পদ সংক্রান্ত দলিলাদি সরকার কর্পোরেশনের চলাতি কাৰ্য্যকালেৰ মেয়াদ শেষ না হওয়া পৰ্যন্ত সংরক্ষণ কৰিবে।

ক্রম

[বিধি ১০(১) মুভটেব]

.....ফিউনিসিপ্যাল কর্পোরেশনের জনাব.....
ডেপুটি মেয়ের/নির্বাচিত কমিশনারকে তাঁহার পদ হইতে অপসারণের জন্য প্রস্তাব প্রাপ্তনৈ।

ভোটগত

ভোট চিহ্ন দানের স্থান

প্রস্তাবের পক্ষে ক্রস (X) চিহ্ন

--

প্রস্তাবের বিপক্ষে টিক (✓) চিহ্ন

--

নির্বাচিত কমিশনার/ডেপুটি
মেয়েরের স্বাক্ষর।

বাছ্পৰিত আদেশক্রমে
মোহাম্মদ আবু হেলা
সংচিব।

প্রজাপন

চাকা, ১০ই জালান, ১৩৯৬/২৫শে ফেব্রুয়ারী, ১৯৯০

নং এস, আর, ও' ৮৮-আইন/৯০/শা-১১/১আর-৩/৮৯/৬০—রাজশাহী পৌর কর্পোরেশন আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের আইন নং ৩৮) এর ধারা ১৫৬ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনাম।— এই বিধিমালা রাজশাহী পৌর কর্পোরেশন মেয়র, ডেপুটি মেয়র এবং কমিশনার (পদতাগ ও অপসারণ) বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছি না থাকিলে, এই বিধিমালার,—

(ক) “আইন” অর্থ রাজশাহী পৌর কর্পোরেশন আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের আইন নং ৩৮);

(খ) “ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা” অর্থ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার।

৩। মেয়র, ডেপুটি মেয়র এবং কমিশনারের পদতাগ।— (১) মেয়রের উদ্দেশ্যে কোন ডেপুটি মেয়র অথবা কমিশনার কর্তৃক লিখিত পদতাগ পত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে মেয়র পদতাগ পত্রের একটি অন্তর্লিপি পদতাগ সম্পর্কে একটি প্রতিবেদন সহকারে সরকারের নিকট প্রেরণ করিবেন।

(২) সরকারের উদ্দেশ্যে মেয়র কর্তৃক লিখিত পদতাগ পত্র অথবা উপ-বিধি (১) এর অধীনে কোন ডেপুটি মেয়র বা কমিশনারের পদতাগ সম্পর্কে প্রতিবেদন প্রাপ্তির পত্রের মধ্যে সরকার মেয়র, সংশ্লিষ্ট ডেপুটি মেয়র বা কমিশনারের পদতাগজৰ্নিন্ড শ্বাসপন সরকারী গেজেটে প্রজাপনের ঘোষণা করিবেন।

৪। ডেপুটি মেয়র ও কমিশনারের অপসারণের জন্য বিশেষ সত্তা।— (১) আইনের ধারা ১২ এর উপ-ধারা (১) এ বৰ্ণিত বে কোন কারণে কোন ডেপুটি মেয়র অথবা কোন নির্বাচিত কমিশনারকে অপসারণের জন্য কমিশনারের মোট সংখ্যার অন্তর্বর্তী অর্ধেক সংখ্যক কমিশনার কর্তৃক স্বাক্ষরিত একটি অধিযাচনপত্র বিবরিতিসহ সরকারের নিকট দাখিল করিতে হইবে এবং উহার একটি অন্তর্লিপি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।

(()) উপ-বিধি (১) এর অধীনে অধিযাচনপত্র প্রাপ্তির ষাট দিনের মধ্যে সরকার অধিযাচন পত্রটি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন এবং বিষয়টির উপর এই বিধিমালা অন্তর্বাসী ব্যাখ্যাত কার্যক্রম গ্রহণের জন্য তাঁহাকে নির্দেশ প্রদান করিবেন।

৫। কারণ দর্শনোর নোটিশ।— (১) সরকারের নিকট হইতে অধিযাচন পত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অধিযাচন পত্রের একটি অন্তর্লিপি সংশ্লিষ্ট ডেপুটি মেয়র অথবা কমিশনারের নিকট প্রেরণ করিবেন এবং তাঁহাকে এই মর্মে নোটিশ প্রদান করিবেন যেন নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে তিনি লিখিতভাবে কারণ দর্শন কেন এক বিশেষ সত্ত্ব তাঁহাকে তাঁহার পদ হইতে অপসারণের প্রস্তাব গ্রহণ করা হইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন জারীকৃত কারণ দর্শনোর নোটিশের অন্তর্লিপি প্রজেক কমিশনার ও ডেপুটি মেয়রকে প্রেরণ করিতে হইবে।

৬। বিশেষ সভার স্থান ও সময়।— (১) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কারণ দর্শনোর নির্ধারিত সময় অতিছাড় ইওয়ার পন্থে দিনের মধ্যে বিধি ৫(১) এ উল্লিখিত বিশেষ সভা আহবান করিবেন।

(২) বিশেষ সভা কর্পোরেশনের অফিসে অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যে স্থান উপর্যুক্ত বিবেচনা করেন সে স্থানে অনুষ্ঠিত হইবে এবং তদন্ত্যায়ী বিশেষ সভার স্থান, তারিখ ও সময় উল্লেখ করিয়া ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত সভার নোটিশ জারী করিবেন।

(৩) বিশেষ সভার জন্য নির্ধারিত সময়ের অন্ততঃ বাহাতুর ঘন্টা প্রবে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রতোক কমিশনার এবং ডেপুটি মেয়েরের নিকট নোটিশের অনুলিপি প্রেরণ করিবেন।

(৪) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ সভায় সভাপতিত্ব করিবেন।

৭। স্থগিত বিশেষ সভা।— ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে যদি নির্ধারিত তারিখ ও সময়ে বিশেষ সভা অনুষ্ঠিত হইতে না পারে তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, পরবর্তী তারিখ এবং সময় নির্ধারণ করিয়া বিশেষ সভা আহবান করিবেনঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ স্থগিত বিশেষ সভা প্রবর্বতী নির্ধারিত তারিখের প্রবর্তী পন্থে দিনের মধ্যে অনুষ্ঠিত হইতে হইবে।

৮। প্রস্তাব গ্রহণ।— কোন ডেপুটি মেয়ের বা নির্বাচিত কমিশনারকে তাহার পদ হইতে অপসারণের প্রস্তাব গৃহীত হইবে না, যদি না,—

(ক) কোন ডেপুটি মেয়ের অপসারণের পক্ষে মোট নির্বাচিত কমিশনার সংখ্যার অন্ত্য তিন-চতুর্থাংশ কমিশনার ; এবং

(খ) কোন নির্বাচিত কমিশনারের অপসারণের পক্ষে মোট নির্বাচিত কমিশনার সংখ্যা অন্ত্য দ্বাই-তৃতীয়াংশ কমিশনার, ডেট প্রদান করেন।

৯। কারণ দর্শনোর জবাব বিবেচনা।— (১) অপসারণের প্রস্তাব গ্রহণ করার প্রবে সংশ্লিষ্ট ডেপুটি মেয়ের বা নির্বাচিত কমিশনারের যদি কোন লিখিত জবাব থাকে তাহা বিবেচনা করিতে হইবে অথবা যদি কোন লিখিত জবাব না থাকে, তাহা হইলে তাহাকে ব্যক্তিগত শুনানী প্রদানের সুযোগ দিতে হইবে এবং মৌখিক কোন জবাব বা ব্যাখ্যা থাকিলে তাহা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা লিপিবদ্ধ করিবেন।

(২) যদি সংশ্লিষ্ট ডেপুটি মেয়ের কিংবা নির্বাচিত কমিশনার ব্যক্তিগতভাবে শুনানী প্রদান করিতে অনিচ্ছুক হন অথবা কোন লিখিত জবাবও দার্থিল না করিয়া থাকেন অথবা বিশেষ সভায় হাজির না থাকেন, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সভায় কার্য যথারীতি চালাইয়া যাইবেন।

১০। ভোট দান পদ্ধতি।— (১) বিধি ৯ এর অধীনে কার্যক্রম সম্পন্ন করার পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এই বিধির সহিত সংযুক্ত ফরম অন্ত্যায়ী ভোট পত্র প্রস্তুত করিয়া বিশেষ সভার জন্য নির্ধারিত তারিখ ও সময় উক্ত সভায় উপস্থিত প্রতোক নির্বাচিত কমিশনার এবং ডেপুটি মেয়েরকে গ্রহণ করিয়া ভোট পত্র সরবরাহ করিবেন।

(২) ভোট পত্র সরবরাহ করার প্রবে ভোট পত্রের অক্তিমতা নিশ্চিত করার জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রতোক ভোট পত্রের অপর প্রত্যায় সীলনোহর ব্যক্ত স্বাক্ষর করিবেন।

(৩) অসাবধানতা বশতঃ যদি কোন ভোট পত্র দানের অনুপব্রুক্ত হয়, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট নির্বাচিত কমিশনার বা ডেপুটি মেয়রের অনুরোধক্রমে অনুপব্রুক্ত ভোটগত ফেরত লইয়া অন্য একটি সঠিক ভোট পত্র সরবরাহ করিবেন।

(৪) ভোটদানকারী নির্বাচিত কমিশনার এবং ডেপুটি মেয়র সভাকক্ষের এক প্রান্তে রাঙ্কড় টেবিলে অন্য কাহারও দণ্ডিতের অন্তরালে ভোট পত্রের নির্দলী স্থানে অপসারণ প্রস্তাবের পক্ষে ক্ষম (X) চিহ্ন বা অপসারণ প্রস্তাবের বিপক্ষে টিক (V) চিহ্ন দ্বারা ভোটদান করিবেন এবং ভোটদান অন্তে ভোট পত্রটি ভাজ করিয়া ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিবেন।

(৫) উপ-বিধি (৪) অনুযায়ী ভোটদানকারীর নিকট হইতে ভোটগত পাওয়ার সংগে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ভোটদানকারীগণের মধ্যে যাহারা ভোট পত্রে ক্ষম (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা এবং যাহারা ভোট পত্রে টিক (V) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা ভিত্তি ভিত্তিভাবে গণনা করিয়া সভার কার্য বিবরণীতে লিপিবদ্ধ করিবেন এবং গণনার ফলাফল সংগে ঘোষণা করিবেন।

(৬) একজন ডেপুটি মেয়র অপসারণের জন্য ভোটদানকারীগণের মধ্যে যাহারা প্রস্তাবের পক্ষে ভোট পত্রে ক্ষম (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা যদি দ্বাইজন ডেপুটি মেয়রসহ মোট নির্বাচিত কমিশনারের সংখ্যার তিন-চতুর্থাংশের কম না হয় অথবা একজন নির্বাচিত কমিশনার অপসারণের ক্ষেত্রে ভোটদানকারীগণের মধ্যে যাহারা প্রস্তাবের পক্ষে ভোট পত্রে ক্ষম (X) চিহ্ন প্রদান করিয়াছেন তাহাদের সংখ্যা যদি দ্বাইজন ডেপুটি মেয়রসহ মোট নির্বাচিত কমিশনারের সংখ্যার দ্বাই-তৃতীয়াংশ এর কম না হয় তাহা হইলে সংশ্লিষ্ট ডেপুটি মেয়র কিংবা নির্বাচিত কমিশনারকে তাহার পদ হইতে অপসারণের প্রস্তাবটি গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১১। তিন-চতুর্থাংশ এবং দ্বাই-তৃতীয়াংশ সংখ্যা গরিষ্ঠতা নির্ণয়।— (১) তিন-চতুর্থাংশ সংখ্যা গরিষ্ঠতা নির্ণয়ের ক্ষেত্রে ভগ্নাংশ এক-চতুর্থাংশ ($\frac{1}{4}$) এবং দ্বাই-চতুর্থাংশ ($\frac{2}{4}$) পরিহার করিতে হইবে, কিন্তু ভগ্নাংশ তিন-চতুর্থাংশকে একটি পূর্ণ সংখ্যা ধরিয়া পরিবর্তী সংখ্যা গণনা করিতে হইবে।

(২) দ্বাই-তৃতীয়াংশ সংখ্যা গরিষ্ঠতা নির্ণয়ের ক্ষেত্রে ভগ্নাংশ এক-তৃতীয়াংশ ($\frac{1}{3}$) পরিহার করিতে হইবে, কিন্তু ভগ্নাংশ দ্বাই-তৃতীয়াংশকে একটি পূর্ণ সংখ্যা ধরিয়া পরিবর্তী সংখ্যা গণনা করিতে হইবে।

১২। গৃহীত প্রস্তাব সরকারের নিকট প্রেরণ।— প্রস্তাব গৃহীত হইবার তারিখ হইতে তিনি দিনের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ সভার কার্য বিবরণী, সংশ্লিষ্ট ডেপুটি মেয়র কিংবা নির্বাচিত কমিশনারের লিখিত ব্যাখ্যা বা লিপিবদ্ধ মৌখিক ব্যাখ্যা, যদি থাকে, এবং ভোটগত গৃহীত প্রস্তাবের অনুলিপিসহ, একটি থামে সৌলভোহরণবৃক্ষ করিয়া সরকারের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবেন।

১৩। সরকারের অনুমোদন।— (১) বিধি ১২ এর অধীনে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে বিশেষ সভার প্রস্তাবসহ অন্যান্য কাগজপত্র প্রাপ্তির ছিপটি কার্য দিবসের মধ্যে সরকার উহা পরীক্ষা নিরীক্ষা করিবে এবং প্রস্তাব প্রাপ্তের পর্যাতিগত বিশদ্ধতা বা অশুধতা সম্পর্কে নিশ্চিত হইয়া প্রস্তাবটি অনুমোদন বা অনুমোদন করিবে।

(২) সংশ্লিষ্ট ডেপুটি মেয়র বা নির্বাচিত কমিশনার অপসারণের অনুমোদিত প্রস্তাব সরকার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করিবে; এবং প্রস্তাব অনুমোদনের তারিখ হইতে পনের দিনের মধ্যে সরকার সংশ্লিষ্ট ডেপুটি মেয়র বা নির্বাচিত কমিশনারের পদ শূন্য বলিয়া সরকারী সেজেটে ঘোষণা প্রকল্প করিবে।

(৩) প্রস্তাব আনন্দমোদনের ক্ষেত্রে সরকার যে কারণে প্রস্তাবটি অন্তমোদন করেন নাই তাহা লিপিবদ্ধ করিতে হইবে এবং তৎসম্পর্কে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে ও কর্পোরেশনকে ঘৃণপৎ অবহিত করিতে হইবে।

১৪। মৃত্যুর কারণে সংঘটিত শূন্য পদ।— ডেপুটি মেয়রের অথবা সরকারী কর্মকর্তা কর্মশনার ব্যতীত কোন নির্বাচিত বা মনোনীত কর্মশনারের মৃত্যুর কারণে পদ শূন্য হওয়ার ক্ষেত্রে এইরূপ মৃত্যুর সংবাদ কর্পোরেশনের নিকট হইতে প্রাপ্তির পনের দিনের মধ্যে সরকার, সরকারী গেজেটের মাধ্যমে সংশ্লিষ্ট নির্বাচিত বা মনোনীত কর্মশনারের শূন্য পদ ঘোষণা করিবে।

১৫। নির্বাচন কর্মশনকে শূন্য পদ ঘোষণা সম্পর্কে অবহিতকরণ।— পদত্যাগ, অপসারণ অথবা মৃত্যুজনিত কারণে কোন নির্বাচিত কর্মশনারের শূন্য পদ সরকারী গেজেটে প্রকাশনার পর সরকার উক্ত গেজেটের একটি অন্তিম নির্বাচন কর্মশনের নিকট প্রেরণ করিবে।

১৬। দলিলাদি সংরক্ষণ।— প্রতিটি পদত্যাগ, অপসারণ এবং তজ্জনিত শূন্য পদ সংরক্ষণ দলিলাদি সরকার কর্পোরেশনের চলাতি কার্যকালের মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত সংরক্ষণ করিবে।

ক্ষেত্র

[বিধি ১০(১) মুচ্চে]

..... মিউনিসিপ্যাল কর্পোরেশনের জনাব.....
ডেপুটি মেয়র/নির্বাচিত কর্মশনারকে তাহার পদ হইতে অপসারণের জন্য প্রস্তাব প্রস্তাবের

ডেটপত্র

ভোট চিহ্ন দানের স্থান

প্রস্তাবের পক্ষে ক্রস (X) চিহ্ন

--

প্রস্তাবের বিপক্ষে টিক (V) চিহ্ন

--

নির্বাচিত কর্মশনার/ডেপুটি
মেয়রের স্বাক্ষর।

রাষ্ট্রগাংতর আদেশক্রমে
মোহাম্মদ আবু হেলা
সচিব।

স্বাক্ষর সিদ্ধকুর রহমান, ডেপুটি কর্মসূলার, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা, কর্তৃক স্বীকৃত।
খোলকার মাহফিল করিব, ডেপুটি কর্মসূলার, বাংলাদেশ ফরমস, ও প্রকাশনী অফিস, ডেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।